# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৫১

তারিখঃ ০৭ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭১২ তম কমিশন সভা অদ্য ২২/১২/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গৃহীত হয়েছেঃ

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৩১ মোতাবেক **'Green Delta Mutual Fund'**-এর দুই-তৃতীয়াংশের বেশী ইউনিট মালিকগণের লিখিত মতামত (৭০.১০ শতাংশ) এবং ফান্ডের ট্রাস্টি বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড (বিজিআইসি)'র আবেদনের প্রেক্ষিতে বর্তমান সম্পদ ব্যবস্থাপক এল. আর. গ্লোবাল বাংলাদেশ অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড-এর পরিবর্তে নতুন সম্পদ ব্যবস্থাপক আইডিএলসি এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড-এর নিয়োগের বিষয়টি অদ্যকার সভায় কমিশন অনুমোদন প্রদান করেছে।

এছাড়াও সভায় কমিশন সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৩১ মোতাবেক **'DBH 1st Mutual Fund'**-এর দুই-তৃতীয়াংশের বেশী ইউনিট মালিকগণের লিখিত মতামত (৭২.৭৫ শতাংশ) এবং ফান্ডের ট্রাস্টি বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড (বিজিআইসি)'র আবেদনের প্রেক্ষিতে বর্তমান সম্পদ ব্যবস্থাপক এল. আর. গ্লোবাল বাংলাদেশ অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড-এর পরিবর্তে নতুন সম্পদ ব্যবস্থাপক আইডিএলসি এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড-এর নিয়োগের বিষয়টি অনুমোদন প্রদান করেছে।

মোঃ আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক

ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd